

কোর্ট ট্রাস্ট, প্রধান কার্যালয়। তারিখ: ১০ নভেম্বর, ২০২০।

প্রতি : নোটিশ বোর্ডের মাধ্যমে সকল কর্মী

হতে : উপ-নির্বাহী পরিচালক

বিষয় : সংস্থায় ব্যক্তিগত মটরসাইকেল ব্যবহার করার বিষয় প্রসংগে।

প্রিয় সহকর্মীবৃন্দ,

আপনাদের সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, সংস্থার ঋণ ও উন্নয়ন কর্মকর্তা মটরসাইকেল ব্যবহার করে সংস্থার কাজ করার নিয়ম নেই। কিন্তু কোন কর্মী যদি নিজের মটরসাইকেল চালিয়ে অফিসের কাজ করলে বিষয়টিকে সংস্থা উদ্ভূত করে। তাই সকলের অবগতির ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ব্যবস্থাপনা নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ আপনাদের বরাবরে উপস্থাপন করছে:

১. সকল মটরসাইকেল ব্যবহারকারীকে অবশ্যই বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে, হেলমেট ছাড়া বাইক চালানো যাবে না এবং মটরসাইকেলের সকল কাগজ হালনাগাদ রেখে ব্যবহার করতে হবে।
২. অফিস হতে মটরসাইকেলের জন্য যৌক্তিকভাবে জ্বালানী খরচ, রক্ষনাবেক্ষণ ও অবচায়নের খরচ সংস্থা বহন করার বিষয়ে নীতিগতভাবে সিদ্ধান্ত নিয়েছে। তাই এ সংক্রান্ত নীতিমালা জরুরিভিত্তিতে তৈরি করা হবে এবং আপনাদেরকে জানানো হবে।
৩. এখানে উল্লেখ্য যে কোন কর্মী যদি ব্যক্তিগত মটরসাইকেল ব্যবহারকারী কোন দুর্ঘটনায় পড়েন তাহলে সংস্থা থেকে কোন আর্থিক ক্ষতিপূরণ বা সহযোগিতা চাওয়া যাবে না এবং সংস্থার এসংক্রান্ত নীতিমালা এক্ষেত্রে প্রযোজ্য হবে না।
৪. এই সার্কুলারটি অনতিবিলম্বে কার্যকরী হবে এবং সকলের অবগতির জন্য সকলের স্বাক্ষর নিয়ে আগামী দুই সপ্তাহ পর্যন্ত নোটিশ বোর্ডে বুলানো থাকবে এবং পরবর্তিতে নির্দিষ্ট ফাইলে চলে যাবে।

আপনাদের অব্যাহত সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদসহ,



সনত কুমার ভোঁমিক

অনুলিপি : নির্বাহী পরিচালক  
সকল পরিচালক  
অফিস ফাইল